

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:26-10-2024**

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

CM-PM Biswakarma Exhibition :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে তিনদিনব্যাপী প্রধানমন্ত্রী বিশ্বকর্মা প্রদর্শনী ও বাণিজ্য মেলার উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রী জিতেন রাম মাঝি, রাজ্যের শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনার কারণে ত্রিপুরার গ্রামীণ অর্থনীতি সমৃদ্ধ হচ্ছে। গ্রামীণ অর্থনীতিতে অসংগঠিত শ্রমিকরা বিশেষ অবদান রাখছেন। অন্যদিকে, কেন্দ্রীয় মন্ত্রী জিতেন রাম মাঝি বলেন প্রধানমন্ত্রী বিশ্বকর্মা যোজনায় উত্তর পূর্বাঞ্চলের মধ্যে ত্রিপুরা ভাল কাজ করছে।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সুবিধাবঞ্চিত শ্রেণীর সেবাকে অগ্রাধিকার দেওয়ার জন্য মেডিকেল শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী মানুষের কল্যাণে সর্বাধুনিক চিকিৎসা কৌশল ব্যবহার করতে হবে। অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস - AIIMS, রায়পুরের সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি আরও বলেন, গত দশকে দেশবাসীকে সার্বজনীন স্বাস্থ্য পরিষেবা দেওয়ার জন্য অনেক পদক্ষেপ নেওয়া হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ছত্তিশগড়ের রাজ্যপাল রমেন ডেকা এবং মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই। রাষ্ট্রপতি

গতকাল ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি-এনআইটি
রায়পুরের চতুর্দশ সমাবর্তনেও যোগ দেন।

Brammakunda Ratanlal Nath:

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন, দর্শনার্থীদের সুবিধার
জন্য সিমনায় অনুষ্ঠেয় ঐতিহ্যবাহী ব্রহ্মকুণ্ড মেলা প্রাঙ্গনকে
সাজিয়ে তোলা হচ্ছে। গতকাল তাঁর নেতৃত্বে একটি প্রতিনিধিদল
মেলাপ্রাঙ্গন পরিদর্শন করার পর একটি বৈঠকে মিলিত হন।
বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রী বৃষকেতু দেববর্মা, এডিসির
কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, পশ্চিম জেলার জিলা
পরিষদের সভাপতি বলাই গোস্বামী এবং মোহনপুর মহকুমায়
অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তরের অফিসাররা। বৈঠকের পর
বিদ্যুৎমন্ত্রী জানান, ব্রহ্মকুণ্ড মেলা প্রাঙ্গনের সঙ্গে আশপাশের
এলাকাকেও সাজিয়ে তোলা হবে।

Minister Bikash Debbarma:

উপজাতি কল্যানমন্ত্রী বিকাশ দেববর্মা গতকাল রাজ্যের বিভিন্ন
ছাত্রাবাস পরিচালনার দায়িত্বে থাকা বেসরকারী সংস্থার
প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেছেন। আগরতলার দশরথ দেব
ভবনে আয়োজিত এই বৈঠকে তিনি জানান, ছাত্রাবাসে থেকে
যেসব ছেলেমেয়েরা পড়াশুনা করছে তাদের অনেক বেশি যত্নের
প্রয়োজন। এই কারণে ছাত্রাবাসগুলোর পরিকাঠামোর পাশাপাশি
পড়াশুনা ও স্বাস্থ্যসম্পন্ন পরিবেশ যাতে বজায় রাখা যায় তার
দিকেও নজর রাখতে হয়। উপজাতি কল্যানমন্ত্রী সম্প্রতি ধলাই
জেলার বিভিন্ন ছাত্রাবাস পরিদর্শনের অভিজ্ঞতার কথাও তুলে
ধরেন।

21 LiveStock Census ARD :

সারা দেশের সঙ্গে গতকাল থেকে ২১তম সর্বভারতীয় প্রাণীসম্পদ সুমারির কাজ শুরু হয়েছে। দিল্লি থেকে গতকাল এই সুমারির আনুষ্ঠানিক সূচনা করেন কেন্দ্রীয় প্রাণীসম্পদ মন্ত্রী রাজীব রঞ্জন সিং। গতকাল আগরতলায় প্রাণী সম্পদ বিকাশ ভবনে রাজ্যভিত্তিক প্রাণী সুমারির আনুষ্ঠানিক সূচনা করে দপ্তরের অধিকর্তা ডক্টর নিরাজ কুমার চঞ্চল। তিনি বলেন, প্রাণীসম্পদ সুমারির লক্ষ্য হচ্ছে সঠিক তথ্য নির্ণয়ের মাধ্যমে আগামী দিনে প্রাণীসম্পদ বিকাশের উন্নয়নে রূপরেখা তৈরি করা এবং প্রাণী পালকদের আর্থ-সামাজিক মান উন্নয়নে পরিকল্পনা গ্রহণ করা।

Air Pollution :

কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারগুলিকে বায়ু দূষণের পরিপ্রেক্ষিতে প্রস্তুতি বাড়াতে বলেছে। স্বাস্থ্য পরিষেবার মহানির্দেশক ডঃ অতুল গোয়েল বায়ু দূষণের প্রস্তুতির বিষয়ে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলগুলির স্বাস্থ্য বিভাগকে চিঠি লিখেছেন। চিঠিতে তিনি উল্লেখ করেন বায়ু দূষণ স্বাস্থ্যের জন্য হানিকর এবং শ্বাসযন্ত্র, হৃদপিণ্ড ও মস্তিষ্কে প্রভাবিত করে দীর্ঘস্থায়ী রোগ বাড়িয়ে তোলে। এর প্রতিকূল প্রভাবগুলি বিশেষ করে শিশু, গর্ভবতী মহিলা এবং বয়স্কদের জন্য মারাত্মক। তিনি রাজ্যগুলিকে এজন্য জনসচেতনতামূলক প্রচার জোরদার করার আহ্বান জানান।

Union Minister Ajay Tamta :

কেন্দ্রীয় পরিবহন, সড়ক ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা গতকাল আগরতলার কাছে বোধজংনগর শিল্পাঞ্চলে কয়েকটি শিল্প ইউনিট পরিদর্শন করেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, ত্রিপুরার বাঁশ থেকে ফ্লোর টাইলস কারখানার উৎপাদিত টাইলস, নয়াদিল্লীর নতুন সংসদ ভবনে লাগানো হয়েছে। তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাবনারই প্রতিফলন।

Ranji Trophy:

ত্রিপুরা ও মুম্বাইয়ের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে শুরু হচ্ছে। এম বি বি স্টেডিয়ামে সকাল পৌনে ৯টায় এই ম্যাচটি শুরু হবার কথা রয়েছে। গতকাল দুটি দলই নিজেদের প্রস্তুতি সেরে নেয়। সফরকারী মুম্বাই দলের হয়ে খেলতে রাজ্যে এসেছেন তারকা ক্রিকেটার আজিঙ্ক রাহানে ও শার্দূল ঠাকুর।

Women T-20:

সিনিয়র মহিলাদের জাতীয় টি-২০ ক্রিকেটের লড়াইয়ে গ্রুপের পঞ্চম ম্যাচে ত্রিপুরা আজ হিমাচল প্রদেশের মুখোমুখি হচ্ছে। লক্ষ্মণৌ'তে হবে ম্যাচটি।

Weather :

আজকের আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু-এক জায়গায় হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
